




ঘরে সঠিক এসি নির্বাচন, স্থাপন ও রক্ষণাবেক্ষণ

ওজোনস্তর ক্ষয়কারী ও বৈশ্বিক উষ্ণায়নের জন্য দায়ী রিফ্রিজারেন্ট বিশিষ্ট প্রযুক্তির ব্যবহার হ্রাস/বন্ধ করে নিরাপদ পৃথিবী গড়ার অংশীদার হউন



এ্যানাল্লিং এ্যাকটিভিটিজ অব বাংলাদেশ ফর এইচএফসি ফেজ-ডাউন (ইউএনইপি-কম্পোনেন্ট) প্রকল্প

পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়



১। ঘরের সঠিক এসি নির্বাচন

সঠিক মানের এসি নির্বাচন খুব জরুরি যেন শীতলীকরণ ক্ষমতা খুব বেশি বা খুব কম না হয়। সঠিক মানের এসি মাসিক বিদ্যুৎ বিলের খরচ বাঁচায়।

শীতাতপ নিয়ন্ত্রণ ক্ষমতা
 $BTU/hr = \text{ঘরের ক্ষেত্রফল } m^2 \times 600$

উপরের সূত্রের সাহায্যে আমরা সঠিক মাত্রার এসি নির্বাচন করতে পারি।

পাশের টেবিলে আনুমানিক হিসাব দেখানো হয়েছে। অভিজ্ঞ বিক্রেতা অথবা অভিজ্ঞ টেকনিশিয়ান থেকে সঠিক এসি নির্বাচন সম্পর্কে পরামর্শ নিন।

শীতাতপ নিয়ন্ত্রণ ক্ষমতা BTU/hr	আনুমানিক তাপ নিয়ন্ত্রণ ক্ষমতা HP
৫,০০০	.৫০
৭,০০০	.৭৫
৯,০০০	১.০০
১২,০০০	১.৫০
১৮,০০০	২.০০
২৪,০০০	২.৫০

BTU = ব্রিটিশ থার্মাল ইউনিট

HP = হর্স পাওয়ার

এসির আধুনিক রিফ্রিজারেন্ট



কেনার পূর্বে এয়ার কন্ডিশনারে
R-32 অথবা R-290 রিফ্রিজারেন্ট
আছে কিনা নিশ্চিত হন।

R-22 অথবা R-410A
সম্বলিত নতুন এসি ক্রয়
থেকে বিরত থাকুন।



R-22 এর ব্যবহার বিশ্বব্যাপী বন্ধ হতে যাচ্ছে।

ইনভার্টার এসি ব্যবহার করুন।

ইনভার্টার এসি অধিক শক্তি সাশ্রয়ী।

যত বেশি স্টার তত শক্তি সাশ্রয়ী।

৫ স্টার মানে সবচেয়ে বেশি শক্তি সাশ্রয়ী।



DIGITAL INVERTER
TECHNOLOGY

এসির রিফ্রিজারেন্ট ও শক্তি সাশ্রয় বিষয়ক তথ্য
কিভাবে পেতে পারি?

- ১। বিক্রেতাকে জিজ্ঞেস করুন এবং এসির লেবেল পরীক্ষা করুন;
- ২। স্টার রেটিং দেখুন এবং শক্তি সাশ্রয় সম্পর্কে নিশ্চিত হন।

২। বাসায় এসি স্থাপন



ইনডোর ও আউটডোর ইউনিট স্থাপন

ক। ইনডোর ইউনিট হতে আউটডোর ইউনিটের পাইপের দূরত্ব ৩-৫ মিটার হওয়া উচিত।
(এসির ম্যানুয়াল দেখুন)




৩-৫ মিটার
পাইপ

দেওয়াল থেকে দূরত্ব
কমপক্ষে ০.৫ মিটার



ভালো বাতাস প্রবাহিত হতে পারে এমন স্থানে আউটডোর ইউনিট বসাতে হবে।



খ। আউটডোর ইউনিট এমন স্থানে বসানো উচিত যেখানে নির্বিঘ্নে বাতাস চলাচল করতে পারে। অবশ্যই অভিজ্ঞ ও প্রশিক্ষিত টেকনিশিয়ান দ্বারা এসি স্থাপন করুন। তা নাহলে এসির পারফরমেন্স খারাপ হতে পারে। বেশি বিদ্যুৎ খরচ হতে পারে অথবা গ্যাস লিকেজের সম্ভাবনা থাকে।



টেকনিশিয়ান থেকে নিশ্চিত হন ইনডোর ও আউটডোর ইউনিটের সংযোগ পাইপ সঠিকভাবে ভ্যাকুয়াম করা হয়েছে কিনা?

টেকনিশিয়ানকে অবশ্যই সবকটি সংযোগ স্থাপনের লিক টেস্ট করতে বলুন। কারণ খারাপভাবে স্থাপিত এসির লিকেজের সম্ভাবনা থাকে। আর সবচেয়ে বেশি লিক হয় ফ্লোর সংযোগে।

৩। এসি রক্ষণাবেক্ষণ

সঠিক রক্ষণাবেক্ষণ এসিকে ভালো রাখে, এর শীতল করার দক্ষতা সঠিক থাকে, বিদ্যুৎ বিল কমায়, আর ঘন ঘন মেরামতের হাত থেকে বাঁচিয়ে একে দীর্ঘস্থায়ী করে।

ক. নিজে করি



১. প্রত্যেক ৩ থেকে ৬ মাস অন্তর ইনডোর ইউনিটের এয়ার ফিল্টার পরিষ্কার করি।



২. অভিজ্ঞ টেকনিশিয়ান দ্বারা নিয়মিত রক্ষণাবেক্ষণ করি। রক্ষণাবেক্ষণের তারিখ ক্যালেন্ডারে দাগ দিয়ে রাখি।






৩. উইন্ডো টাইপ এসির জন্য এসির গ্রিল-এ লিক আছে কিনা তা পরীক্ষা করি যাতে ঠাণ্ডা বাতাস লিক করে বাইরে না যায়।

খ. টেকনিশিয়ান নির্বাচন

১. সব সময় অভিজ্ঞ ও প্রশিক্ষণপ্রাপ্ত টেকনিশিয়ান দ্বারা এসির মেরামত ও রক্ষণাবেক্ষণ করান।




২. টেকনিশিয়ান দ্বারা এসির ইভাপরেটর ও কনডেন্সার কয়েল বছরে অন্তত একবার পরীক্ষা এবং কয়েলগুলো পরিষ্কার করণ।



ইনডোর ইউনিট

৩. বাঁকা কোন ফিন থাকলে তা ফিন কম্ব দিয়ে সোজা করতে বলুন তাতে ফিনে কম ময়লা জমবে।



৪. নতুন রিফ্রিজারেন্ট চার্জের আগে অবশ্যই কয়েলে লিক থাকলে তা মেরামত করে নিতে হবে।

এসিতে যে ধরনের রিফ্রিজারেন্ট ছিলো শুধু মাত্র সেই রিফ্রিজারেন্ট চার্জ করণ অন্য ধরনের রিফ্রিজারেন্ট ব্যবহার করা যাবে না।

